



নম্বর: ০৭.০০.০০০০.০৮৯.০৫.০০৪.২২.১০৯

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৯
১২ ডিসেম্বর ২০২২

অফিস আদেশ

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন।

অর্থ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হলো:

ক্রমিক	নাম ও পদবী	কমিটিতে পদ
০১.	অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।	সভাপতি
০২.	যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ।	সদস্য
০৩.	যুগ্মসচিব (রাজস্ব নীতি), অর্থ বিভাগ।	সদস্য
০৪.	যুগ্মসচিব (প্রশাসন-২), অর্থ বিভাগ।	সদস্য
০৫.	সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), অর্থ বিভাগ।	সদস্য
০৬.	সিস্টেম এনালিস্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ।	সদস্য
০৭.	যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা-১), অর্থ বিভাগ।	সদস্য-সচিব

০২। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা-১) অর্থ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট এবং সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) বিকল্প ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন।

০৩। কমিটির কার্যপরিধি নিম্নরূপ:-

- (ক) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বাস্তবায়ন কর্মপরিকল্পনা কার্যক্রম সমন্বয়;
- (খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন;
- (গ) সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদকরণ;
- (ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতির

প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখায় প্রেরণ করতে হবে; এবং
(ঙ) কমিটি এ সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত ও মনিটরিং করার লক্ষ্যে নতুন সদস্য কো-অপ্ট করে
একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে।

০৪। উক্ত কমিটি-কে অর্থ বিভাগের প্রশাসন-১ অধিশাখা সাচিবিক সহায়তা প্রদান করবে।



১২-১২-২০২২

মোঃ শওকত আলী

যুগ্ম সচিব

নম্বর: ০৭.০০.০০০০.০৮৯.০৫.০০৪.২২.১০৯/১(৯)

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৯
১২ ডিসেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, অর্থ বিভাগ
- ২) যুগ্ম সচিব, রাজস্ব নীতি, অর্থ বিভাগ
- ৩) যুগ্ম সচিব, প্রশাসন-২ শাখা, অর্থ বিভাগ
- ৪) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, অর্থ বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফ এস এম ইউ, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৬) সিস্টেম এনালিস্ট, এফ এস এম ইউ, অর্থ বিভাগ
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, সিনিয়র সচিবের দপ্তর, অর্থ বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ
- ৯) অফিস কপি



১২-১২-২০২২

মোঃ শওকত আলী

যুগ্ম সচিব